

(চেক প্রদানক্ষম সরকারী সংস্থাসমূহ কর্তৃক বাজেট বহির্ভূত ব্যয় রোধ প্রসঙ্গে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়(অর্থ বিভাগ)  
বাজেট অনুবিভাগ  
শাখা-৩

নং : অম/অবি/বা-৩/বিবিধ-১/৯২/৭১৫

তারিখ : ১২/১২/১৯৯২ইং  
২৮/০৮/১৩৯৯বাং

বিষয় : চেক প্রদানক্ষম সরকারী সংস্থাসমূহ কর্তৃক বাজেট বহির্ভূত ব্যয় রোধ প্রসঙ্গে।

অর্থ বিভাগের ১১-১০-৯২ ইং তারিখের স্মারক নং অম/অবি/বা-৩/বিবিধ-১/৯২/৬৮১ এর মাধ্যমে উপরোক্ত বিষয়ের সহিত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে তাহাদের অনুকূলে বরাদ্দকৃত বাজেট প্রয়োজন অনুযায়ী স্ব-স্ব অধীনস্থ নিবাহী কর্মকর্তা/ডিভিশনকে বিভাজন করিয়া দেওয়ার জন্য এবং কোন অবস্থাতেই বিভাজনকৃত/বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় না করার নির্দেশদানের জন্য অনুরোধ জানানো হয়। এক্ষণে উক্ত আদেশের অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/নিবাহী কর্মকর্তা/ডিভিশন/অফিস কর্তৃক যথাযথ অনুসরণের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী জারী করা হইল :

- (ক) বাজেট বিভাজনের অনুলিপি সংশ্লিষ্ট সিএও, পরিচালক হিসাব নিরীক্ষা ও জেলা হিসাব নিরীক্ষা কর্মকর্তাকে প্রেরণ করিতে হইবে।
- (খ) মাসিক হিসাব বিবরণীর সাথে সাথে বাজেটে বরাদ্দের পরিমাণ উল্লেখপূর্বক মোট ব্যয়ের পরিমাণ জানাইতে হইবে।
- (গ) প্রত্যেক হিসাব রক্ষণ অফিস বাজেট বরাদ্দ অনুযায়ী বিভাগওয়ারী অডিট রেজিস্টার রক্ষণাবেক্ষণ করিবেন। যদি বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় পরিলক্ষিত হয় তবে তাহা তাৎক্ষণিকভাবে অর্থ বিভাগ, প্রশাসনিক মন্ত্রণালয়,বিভাগীয় প্রধান, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং পরিচালক হিসাব নিরীক্ষাকে অবহিত করিতে হইবে।
- (ঘ) মাসিক হিসাব বিবরণীতে অনিশ্চিত খাতে ডেবিট-ক্রেডিট এর কারণ ও মন্তব্য সন্নিবেশিত করিতে হইবে।
- (ঙ) ৩০ জুনের মধ্যে অবশ্যই সমর্পন ও পুণ: উপযোজনের প্রতিবেদন সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/বিভাগীয় প্রধান/প্রধান প্রকৌশলী কর্তৃক অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে।
- (চ) বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সীমিত রাখার উদ্দেশ্যে বিভিন্ন চেক প্রদানক্ষম কর্মকর্তাগণকে চেক প্রদানের সময় চেকের উল্টা পিঠে নিম্নরূপ প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে।
  - (১) হিসাব খাত.....
  - (২) মোট বরাদ্দের পরিমাণ.....
  - (৩) বর্তমান চেকসহ গ্রস ব্যয়ের পরিমাণ.....
  - (৪) অবশিষ্ট.....

উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

স্বাক্ষর  
হাবিবুর রহমান  
যুগ্মসচিব (বাজেট)